HSE
Health & Safety Executive

ক্যাটারিং ইন্ডাস্ট্রিতে হেল্‌থ এন্ড সেইফটি বাস্তবায়ন করার উপকারিতা

ক্যাটারিং ইনফরমেশন শিট নং 4

এই ইনফরমেশন শিট হলো হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত ক্যাটারিং ইন্ডাস্ট্রি লিয়াজোঁ কমিটি (দ্য কমিটি) কর্তৃক প্রকাশিত একটি সিরিজের অংশ কমিটির বিস্তারিত শেষে দেয়া হয়েছে। বর্তমান হেল্‌ত এন্ড সেইফটি আইনের অধীনে নিয়োগকর্তারা কিভাবে আইনগত দায়িত্ব পালন করতে পারবেন সে সম্পর্কে এতে পরামর্শ দেয়া হয়েছে এবং এটা বিশেষ করে ছোট ক্যাটারিং ব্যবসাগুলোর জন্য লেখা হয়েছে এটা আশা করা হয়েছে যে, ইহা এসাসিয়েশনের সদস্যদের মেম্বারদের মাধ্যমে এবং অন্যান্য উপায়ে পুনঃপ্রকাশিত হবে।

হেল্‌থ এন্ড সেইফটি সম্পর্কে কেন মাথা ঘামানো হচ্ছে?

পরিসংখ্যান প্রমান করেছে যে, খারাপ ব্যবস্থাপনার কারণেই মূলতঃ দুর্ঘটনা ঘটছে এবং অর্থ, সময় ও শক্তি ব্যায় হচ্ছে।

ক্যাটারিং ইন্ডাস্ট্রিতে গত ছয় বছরে দুর্ঘটনার হার ক্রমাগত বেড়েই চলেছে। বড় ধরনের দুর্ঘটনার হার বর্তমানে 1986 ইংরেজীর চেয়ে 54% বেশি। 69% এর উপরে বড় দুর্ঘটনাগুলো একই লেভেলে পিছলে যাওয়া, হোচট খাওয়া বা পড়ে যাওয়া কারনে বা ক্ষতিকারক বা গরম জিনিসপত্র থেকে ঘটে থাকে।

বড় ধরনের দুর্ঘটনা নয়, অছচ যে কারনে তিন বা এর বেশি দিন কাজ থেকে বিরত থাকতে হয় সে সব দুর্ঘটনার হার গত ছয় বছরে দ্বিগুনের চেয়ে বেশি বেড়েছে।

এই সংখ্যা উভয়ের ব্যথার পরিমান এবং এটা ব্যক্তিগতভাবে কষ্টকর এবং নিয়োগকর্তার জন্য সরাসরি ক্ষতির প্রতিনিধিত্ব করে। সম্প্রতি সমগ্র ইন্ডাস্ট্রি জুড়ে পরিচালিত একটি জরিপে বলা হয়েছে যে, প্রতিটি দুর্ঘটনার কারণে একজন আহত ব্যক্তিকে তিনদিন কাজ থেকে বিরত রাখে, সাতটি অপেক্ষাকৃত কম মারাত্মক আহত হবার ঘটনা এবং 189 দুর্ঘটনা প্রোপার্টি ধ্বংসের কারণ হয়ে দাঁড়ায়। দুর্ঘটনাগুলো কোম্পানীর আয়ের 8.5% পর্যন্ত ক্ষতির কারণ হতে পারে এবং এখন পর্যন্ত এই দুর্ঘটনাগুলোর 70% হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত ব্যবস্থাপনার উন্নয়নের মাধ্যমে প্রতিরোধ করা যেতে পারে।

ম্যানেজমেন্টের দায়িত্বগুলো

এই ইনফরমেশন শিটে হেল্‌থ এন্ড সেইফটিকে যাতে আপনার ব্যবসার অন্যান্য বিষয়গুলোর সাথে সমান গুরুত্ব দিয়ে বিবেচনা করা হয় সে বিষয়টি তুলে ধরা হবে।

আসল ঝুঁকিগুলো কি?

প্রতিটি কাজের জায়গায় অবশ্যই, তাদের নিজস্ব ঝুঁকির প্যাটার্ন রয়েছে, কিন্তু ক্যাটারিং ইন্ডাস্ট্রিতে দুর্ঘটনা এবং অসুস্থ হবার কারণ হলো ঃ

- পিছলে যাওয়া, হোচট খাওয়া এবং পড়ে যায়;
- বহন করা এবং ম্যানুয়েল হ্যান্ডলিং;
- গরম ও ক্ষতিকারক জিনিসপত্র নাড়াচাড়া করা;
- চর্মরোগ;
- কাজের সাথে সম্পর্কিত শরীরের উপরি অংশ বিকলাঙ্গ হওয়া।

কি করা যেতে পারে?

মনে রাখবেন, অধিকাংশ দুর্ঘটনা ভাল ম্যানেজমেন্ট ও কার্যকর ট্রেনিং সমেত তত্ত্বাবধানের মাধ্যমে প্রতিরোধ করা যেতে পারে, যা সফলভাবে ব্যবসা পরিচালনায় অন্যান্য বিষয়গুলো থেকে দুর্ঘটনা প্রতিরোধে ভিন্ন নয়. ক্যাটারিং-এর যেসব স্থানে ঝুঁকির পরিমান খুব বেশি সেখানে সতর্ক চিন্তা-ভাবনা এবং পরিকল্পনার প্রয়োগ অবশ্যই দুর্ঘটনা প্রতিরোধ এবং ক্ষয়ক্ষতির পরিমান কমিয়ে আনতে সাহায্য করবে। এছাড়া এতে আপনি যে হেল্‌থ এন্ড সেইফটি আইন মেনে সঠিক পথে অগ্রসর হচ্ছেন তা এনফোরসমেন্ট অফিসারের কাছে প্রতিয়মান হবে।

ট্রেনিং

কর্মচারীদের ট্রেনিং প্রদানের ব্যাপারে মালিক এবং ম্যানেজারগণের আইনগত দায়িত্ব পরিস্কারভাবে নির্দিষ্ট করা হয়েছে। আইন অনুসারে সকল নিয়োকর্তা এবং সেলফ্ এম্প্লয়েড ব্যক্তি নিজে এবং নতুন নিয়োগকৃত, পার্ট টার্ম এবং কর্মচারি, সাময়িক বা এজেন্সি স্টাফসহ সকল কর্মচারীর জন্য হেল্‌থ এন্ড সেইফটি ট্রেনিং-এর ব্যবস্থা করবেন। স্টাফের লোকজন যাতে নিরাপদভাবে কাজ করে সে ব্যাপারটি নিশ্চিত করার জন্য সময় ব্যয় করা এবং প্রচে,টা নেয়া ও নিম্নোক্ত বিষয়গুলো ভালভাবে রপ্ত করার কারণ অনুধাবন করার বিষয়টি উপলব্ধি করা গুরুত্বপূর্ণ ঃ

- ব্যবসার সময় ও টাকা বাঁচানোঃ স্টাফ দুর্ঘটনা, যন্ত্রপাতি নষ্ট হওয়া, কাজের জায়গাকে নষ্ট করা এবং সম্পদগুলো নষ্ট হওয়ার ক্ষেত্রে কম টাকা ও সময় ব্যয় হবে;
- স্টাফের আত্মবিশ্বাস ও নিরাপত্তা সংক্রান্ত অনুভূতি বৃদ্ধি, সার্ভিসের দায়িত্ববোধ এবং প্রেরণার বৃদ্ধি।

ট্রেনিং-এর শর্তাবলী সম্পর্কিত নির্দেশাবলী এই সিরিজের পরবর্তী ইনফরমেশন শিটের বিষয় হবে।

কর্মচারীদের সাথে পরামর্শ

হেল্‌থ এন্ড সেইফটির সফল বাস্তবায়ন একমাত্র কর্মচারীদের সহযোগিতার ভিত্তিতেই অর্জিত হতে পারে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যে, আপনার কর্মচারীরা যাতে অবহিত থাকে যে তাদের কাছ থেকে কি প্রত্যাশা করা হচ্ছে এবং তারা যেন তাদের হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত কোন ঝুঁকির বিষয় যেন তাদের অজানা না থাকে, যা কাজের জায়গায় সংঘটিত হতে পারে এবং যে কোনো সেইফটি সিস্টেম প্রয়োগ করা হবে।

হেল্‌থ এন্ড সেইফটি বি,য়ে ডেভেলাপমেন্ট সম্পর্কে যদি আপনি কর্মচারীদের সাথে আলোচনা করেন তাহলে এক্ষেত্রে কর্মচারীদের সহযোগিতা খুব বেশি কার্যকর হবে। আপনি যদি ট্রেড ইউনিয়নের অনুমোদন প্রাপ্ত হন তাহলে কোন ধরনের পদক্ষেপ নেবার পূর্বে সেইফটি প্রতিনিধিকে অবশ্যই হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত ব্যবস্থাপনা নিয়ে আগে আলোচনা করবে। যেখানে ট্রেড ইউনিয়ন জড়িত নয় সেখানে প্রতিষ্ঠানের নিজস্ব সেইফটি প্রতিনিধি নিয়োগের জন্য অবশ্যই কর্মচারীরা উৎসাহিত করবে।

সেইফটি প্রতিনিধি নিয়োজিত হলে হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত বিষয়গুলো পরিপূর্ণভাবে বাস্তবায়নের নিশ্চয়তা প্রদানে সাহায্য করবে।

সারসংক্ষেপ

যদি সঠিকভাবে বাস্তবায়ন করা যায় তাহলে হেল্‌থ এন্ড সেইফটি একটি বোঝা হবে না।

কার্যকরভাবে হেল্‌থ এন্ড সেইফটি বাস্তবায়ন ঃ

- ইহা একটি বোঝা নয় তা নিশ্চিত করা;
- খরচ সর্বনিম্ন পর্যায়ে রাখা এবং সঞ্চয় করা;
- আপনার ব্যবসার সবচেয়ে মূল্যবান সম্পদ ঃ মানুষ আহত হওয়া বা অসুস্থ হওয়ার বিষয়টি প্রতিরোধ করা;
- সিভিল দাবীগুলোর সম্ভাবনা কমানো।

হেল্‌থ এন্ড সেইফটির সফল বাস্তবায়ন যে ভাবে হতে পারে ঃ

- ইহা যে ব্যবসা পরিচালনার একটি অবিচ্ছেদ্য প্রয়োজনীয় অংশ তা অনুধাবন করা;
- ঝুঁকিপূর্ণ স্থানগুলো আগে চিহ্নিত করা এবং সেগুলোতে সর্বপ্রথম পদক্ষেপ গ্রহন করা;
- আপনি নিজে লক্ষ্য নির্ধারণ করা, যেমন ষ্টাফকে ট্রেইন করা এবং পরিষ্কারভাবে দায়িত্ব বন্টন করে দেয়া;
- সঠিক এবং পরিপূর্ণভাবে তত্ত্বাবধান করা;
- সকল পর্যায়ে স্টাফের সাথে পরামর্শ করা।

নির্বাহি কর্মকর্তাদের ভূমিকা

এই ইনফরমেশন শিটে একমাত্র হেল্‌থ এন্ড সেইফটি আলোচনা করা হয়েছে। এতে ফুড সেইফটি এবং হাইজিং সংক্রান্ত কোন বিষয় যুক্ত হয়নি।

অধিকাংস ক্যাটারিং প্রতিষ্ঠানে হেল্‌থ এন্ড সেইফটি আইন বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত হলো লোকাল অথরিটির নির্বাহি কর্মকর্তারা। হাসপাতাল, স্কুল প্রভৃতি প্রতিষ্ঠানে ক্যাটারিং সামগ্রী বা সুযোগ-সুবিধাগুলোর হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত বিষয়টি পর্যবেক্ষণ করে এইচএসই-এর ইন্সপেক্টর। ইনফোরসমেন্ট অফিসার শুধু আইনকে কার্যকরই করেন না, এছাড়াও তিনি হেল্‌থ এন্ড সেইফটির বিষয় নিশ্চিত করেন, আইন এবং ইহা কিভাবে মেনে চলবেন সে সম্পর্কে এবং অন্য সূত্রের তথ্য সম্পর্ক পরামর্শ দেন — উদাহরণস্বরূপ এইচএসই থেকে বুকলেটের সিরিজগুলো পাওয়া সম্পর্কে। তদুপরি, অনেক লোকাল অথরিটি হেল্‌থ এন্ড সেইফটি ট্রেনিং-এর হয় ব্যবস্থা করে নতুবা সুযোগ সুবিধা প্রদান করে।

সুতরাং, এক্ষেত্রে ইনফোরসমেন্ট অফিসারের দায়িত্ব হলো ব্যবসাগুলেতে সাহায্য করা এবং হেল্‌থ এন্ড সেইফটি বাস্তবায়নে ভূমিকা রাখা।

আইনের মৌলিক দিকগুলো

আইনের বিস্তারিত ব্যাখ্যা করা এই ইনফরমেশন শিটের লক্ষ্য নয়। এটা হলো মূলতঃ কাজের স্থানে দূর্ঘটনা ও অসুস্থতা প্রতিরোধের জন্য ম্যানেজার যা করতে পারে তার সংক্ষিপ্ত বিবরণ. আপনি হয়তো ফোর্স, হেল্‌থ এন্ড সেইফটি বিষয়গুলো, ম্যানুয়েল হ্যান্ডলিং থেকে সেইফটি ম্যানেজমেন্ট পর্যন্ত কতকগুলো নতুন নিয়মাবলী পড়তে পারেন। কমিটির লক্ষ্য হলো ক্যাটারিং প্রতিষ্ঠানগুলোতে যেগুলো বিশেষভাবে প্রয়োজনীয় তা তুলে ধরা এবং এইগুলো এই সিরিজের পরবর্তী শিটগুলোতে বর্ণনা করা হবে। তথাপি, নিচে আইন মোতাবেক কি করা সাধারণভাবে কি করা প্রয়োজন তার একটি ধারণা দেওয়া হলো।

এই আইনে যতটুকু সম্ভব যৌক্তিকভাবে আপনার নিজের ক্ষেত্রে এবং অন্যান্য যারা আপনি তা বাস্তবায়নের ফলে বা না করার ফলে ক্ষতিগ্রস্থ বা লাভবান হবে, তাদের ক্ষেত্রে হেল্‌থ এন্ড সেইফটি বাস্তবায়নের কথা বলা হয়েছে। এই দায়িত্ব তাদের উপর অর্পিত হয়েছে, যারা ঃ

- এজেন্সি, সাময়িক, পার্ট-টাইম ও ট্রেইনি ওয়ার্কার এবং সাবকন্ট্রাক্টর সহ যারা আপনার অধীনে কাজ করে;
- আপনার দেয়া কাজের জায়গা ব্যবহার করে;
- আপনার যন্ত্রপাতি ব্যবহার করে;
- আপনার ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করে;
- আপনার কাজের ফলে সম্ভবতঃ ক্ষতিগ্রস্থ হয়েছে;
- আপনার প্রফেশনাল সার্ভিসগুলো ব্যবহার করে

আপনি সম্ভবতঃ অন্য কোন নিয়োগকর্তাকে তার কাজের জায়গায় ক্যাটারিং সার্ভিস দিয়ে থাকেন। আইনে যে সকল নিয়োগকর্তা একই জায়গায় অংশিদারিত্বের ভিত্তিতে কাজ করেন, তাদেরকে সহযোগিতা ও সমন্বয়ের ভিত্তিতে হেল্‌থ এন্ড সেইফটি মেনে চলার জন্য বলা হয়েছে।

এই আইন সকল কর্মক্ষেত্রে এবং সেখানে যারা কাজ করছেন, যেমন কর্মচারী, সুপারভাইসার, ম্যানেজার, ডাইরেক্টর বা সেলফ্ এমপ্লয়েড সকলের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ব্যবহারিকভাবে আপনাকে আপনার কর্মস্থলের ঝুঁকি নির্ণয় করতে হবে এবং যতটুকু সম্ভব এইগুলি কমানো ও বন্ধের জন্য পদক্ষেপ নিতে হবে. কোন কোন ক্ষেত্রে হেল্‌থ এন্ড সেইফটি সাথে সম্পর্কিত ওয়ার্ক এ্যাক্ট আইনে নির্দিষ্ট ব্যবস্থা নিতে হতে পারে।

হেল্‌থ এন্ড সেইফটি সংক্রান্ত ক্যাটারিং ইন্ডাস্ট্রি লিয়াজোঁ কমিটি

এই কমিটি ক্যাটারিং ইন্ডাস্টি এবং হেল্‌থ এন্ড সেইফটি একজিকিউটিভ দ্বারা গঠিত হয়েছে। ইহা ইন্ডাস্ট্রির টেড এন্ড প্রফেশনাল এসোসিয়েশন, টেড ইউনিয়ন এবং ইনফোরসমেন্ট অথরিটির সমন্বয়ে গঠিত। এই কমিটি সমগ্র ইন্ডাস্ট্রিতে ইনফরমেশন ও গাইডেন্স পূর্ণতর এবং আদান-প্রদানের ক্ষেত্রে নেটওয়ার্ক হিসেবে কাজ করে এবং একটি আলোচনার আয়োজন করে যেখানে বিষয়গুলো চিহ্নিত ও সমাধান করা যেতে পারে। যদিও এই ইনফরমেসন শিটকে ডেফিনেটিভ এইচএসই গাইডেন্স হিসেবে গ্রহন করা যাবে না, তথাপি এগুলো ইন্ডাস্ট্রির মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে ভালভভাবে ব্যবহারের জন্য তথ্য প্রদান করে, যা আগেই এইচএসই এবং লোকাল অথরিটির ইন্স পেক্টরগণ এতে হেল্‌থ এন্ড সেইফটি আইন মেনে চলা হয়েছে বলে গ্রহন করেছেন।

আরো পরামর্শ এবং ইনফরমেশন

এই সিরিজের আরো ইনফরমেশন শিটগুলো আপনাকে নির্দিষ্ট বিষয়ের উপরে পরামর্শ প্রদান করবে। তথাপি, আপনি যদি হেল্‌থ এন্ড সেইফটি বিষয়ে আরো বিস্তারিত তথ্য পেতে চান তাহলে আপনাকে হয় আপনার লোকাল অথরিটির এনভায়রনমেন্টাল হেল্‌থ ডিপার্টমেন্ট নতুবা হেল্‌থ এন্ড সেইফটি কেজিকিউটিভের লোকল অফিসে যোগাযোগ করতে হবে। ফোন বই-এ উভয় অফিসের ঠিকানা থাকবে।

এই লিফলেটে ভালভাবে প্র্যাক্টিস সম্পর্কে নোট রয়েছে, যা বাধ্যবাধকতা মূলক নয়, কিন্তু আপনার কি করা প্রয়োজন তা বেছে নেবার ক্ষেত্রে সহায়ক হবে।

এই প্রকাশনা সম্ভবতঃ বিনামূল্যে বিতরণের জন্য পুনঃপ্রকাশিত হবে, বিজ্ঞাপন, এনডোরসমেন্ট বা বিক্রি করার বিষয় ছাড়া এতে যে ইনফরমেশন রয়েছে তা হলো 9/95 এর। তাই সূত্র হিসেবে এইচএসই-এর কাছে কৃতজ্ঞ।